**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(১৩)এনবিআর/শুল্ক:-৪/৯২/৫০ তারিখ ৩০.০১.২০০৬

বিষয়: **ইউপি ইস্যু ব্যতিত গার্মেন্টস প্রতিষ্ঠানে পণ্য সরবরাহের ক্ষেত্রে দিক নির্দেশনা প্রসংগে।**

সূত্র: কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নং-৫(১৩)৮৯/কাস-বন্ড/৯৮/২৩৫৯০ তারিখ ০৬/১২/২০০৫ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ৩১/০৮/২০০৫ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড ও বিসিসিএএমইএ এর সাথে সভার সিদ্ধান্ত অনুযায়ী জরুরী প্রয়োজনে ইউপি ব্যতিরেকে এক্সেসরিজ সরবরাহের প্রয়োজন হলে মজুদ পণ্যের সর্বোচ্চ ১০% পণ্য ইউপি ব্যতীত সরবরাহ করা যাবে। বিবিএলসি ও ইউপি পাবার পূর্বে পণ্য সররবাহ দেয়া প্রচলিত বন্ড সংক্রান্ত বিধি-বিধানের পরিপন্থি। এরূপ সুযোগ প্রচ্ছন্ন রপ্তানি কার্যক্রমে কিছুটা সহায়ক হলে ও তা বন্ড সুবিধা অপব্যবহারের হাতিয়ার হিসাবে ব্যবহৃত হতে পারে।

২। বর্ণিত অবস্থায় এ সুবিধা বহাল রাখার আদৌ কোনো প্রয়োজন রয়েছে কিনা, এ যাবৎ কতটি প্রতিষ্ঠান কতবার উক্তরূপ এরূপ সুবিধা নিয়েছে (২৪ ঘন্টার মধ্যে নোটিশ দিয়ে) এবং সুবিধা বহাল রাখতে হলে তা কি পদ্ধতিতে পরিচালিত হতে পারে ইত্যাদি বিষয়ে আপনার মতামত বোর্ডে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

প্রাপক:

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট